# মডেল টেস্ট-৮

## বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

**প্রদত্ত কবিতাংশটি (পাঠ্যবই থেকে) পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো:**

শুনব আমি ইঙ্গিত কোন
মঙ্গল হতে আসছে উড়ে।
পাতাল ফেড়ে নামব আমি
উঠব আমি আকাশ ফুঁড়ে,
বিশ্বজগৎ দেখব আমি
আপন হাতের মুঠোয় পুরে।

**১ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখো:** ১×৫ = ৫

**i. অনুচ্ছেদটিতে প্রাধান্য পেয়েছে—**

ক. জানার ইচ্ছা খ. পাতালে যাওয়া
গ. আকাশে ওঠা ঘ. মঙ্গলগ্রহে যাওয়া

**ii. 'ফেড়ে' শব্দটির অর্থ কী?**

ক. ফিরে আসা খ. দু ফাঁক করে
গ. সংকল্প করে ঘ. ফুঁ দেওয়া

**iii. 'মঙ্গল হতে আসছে উড়ে'— এখানে 'মঙ্গল' বলতে বোঝানো হয়েছে—**

ক. কল্যাণ খ. গ্রহ
গ. ভাগ্য ঘ. শুভ ইচ্ছা

**iv. কবি পাতাল ফেড়ে নামতে চান কেন?**

ক. অজানাকে জানতে খ. পাতাল দেখতে
গ. ইঙ্গিত শুনতে ঘ. সংকল্প করতে

**v. কবি বিশ্বজগৎ কীভাবে দেখবেন?**

ক. হাউই চড়ে খ. পাতালে নেমে
গ. আকাশে উঠে ঘ. মুঠোয় পুরে

**২ নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:** ১+২+২ = ৫

ক. কবি আকাশে কীভাবে উঠবেন?
খ. কবি আকাশে-পাতালে যেতে চান কেন?
গ. কবি বিশ্বজগৎ নিজের মুঠোয় পুরতে চান কেন?

Teachingbd.com

http://teachingbd.com

**৩ নিচের শব্দগুলোর অর্থ লেখো:** ১×৫ = ৫

ইঙ্গিত, পাতাল, ফেড়ে, আপন, বিশ্বজগত

**৪ প্রদত্ত কবিতাংশের মূলভাব লেখো।** ৫

**নিচের অনুচ্ছেদ (পাঠ্যবই বহির্ভূত) পড়ে ৫, ৬ ও ৭ ক্রমিক প্রশ্নের উত্তর দাও।**

২৫শে মার্চ, ১৯৭১ সাল। বৃহস্পতিবার। দিন গড়িয়ে সন্ধে, তারপর রাত নামল। মানুষ সারাদিনের কাজের শেষে শান্তিতে ঘুমিয়ে পড়ল। ঠিক তখনই শুরু হলো পাকিস্তানি সামরিক জান্তার আক্রমণ। ঢাকার পিলখানা, ইপিআর ঘাঁটি, রাজারবাগ পুলিশ লাইনে চলল আকস্মিক আক্রমণ। ঢাকা ও চট্টগ্রামসহ দেশের সমস্ত সামরিক ঘাঁটিতে বাঙালি সৈনিকদের ওপর ওরা ঝাঁপিয়ে পড়ল। কামান, ট্যাংক, মেশিনগান প্রভৃতি সবধরনের ভারী ভারী অস্ত্র ব্যবহার করল হানাদার বাহিনী। কিন্তু দেশের বাঙালি সৈনিকেরা এসবের জন্য প্রস্তুত ছিল না। ঘুমন্ত মানুষের ওপর পাকিস্তানি বাহিনী ঝাঁপিড়ে পড়ল। হাজার হাজার ঘুমন্ত নিরস্ত্র বাঙালি মারা গেল হানাদার সৈন্যদের গুলিতে। ওরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাস ও আশেপাশের বস্তিতে চালাল গোলা। ওদের গোলার আগুনে বাড়িঘর পুড়ে ছাই হলো। দোকানপাট, মানুষের সাজানো সংসার ধ্বংস হলো।

**৫ সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখো:** ১×৫=৫

i. **পাকিস্তানি সামরিক জান্তা ১৯৭১ সালের কত তারিখে আক্রমণ করেছিল?**

ক. ২৪শে মার্চ খ. ২৫শে মার্চ
গ. ২৬শে মার্চ ঘ. ২৭শে মার্চ

ii. **পাকিস্তানিদের আক্রমণের সময় মানুষ কী করছিল?**

ক. কাজ করছিল খ. ঘুমিয়ে ছিল
গ. খাবার খাচ্ছিল ঘ. ঘুরে বেড়াচ্ছিল

iii. **পাকিস্তানি সেনাবাহিনী কী ধরনের ঘাঁটিতে আক্রমণ করো?**

ক. বেসামরিক খ. আধাসামরিক
গ. সামরিক ঘ. অসামরিক

iv. **হানাদার বাহিনীর আক্রমণে কোন ভারী অস্ত্র ব্যবহৃত হয়েছিল?**

ক. রাইফেল খ. কামান
গ. পিস্তল ঘ. গ্রেনেড

Teachingbd.com

v. পাকবাহিনী কোন শিক্ষা প্রতিষ্ঠানে আক্রমণ চালায়?

ক. ঢাকা কলেজ খ. ঢাকা বিশ্ববিদ্যালয়

গ. তিতুমীর কলেজ ঘ. বাঙলা কলেজ

**৬** **নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানের উপযুক্ত শব্দটি উত্তরপত্রে লেখো:** ১×৫=৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| জান্তা | সামরিক শাসক |
| আকস্মিক | হঠাৎ করে |
| ঝাঁপিয়ে | ঝাঁপ দিয়ে |
| অস্ত্র | হাতিয়ার |
| নিরস্ত্র | হাতিয়ারহীন |
| গোলা | কামানের ছোঁড়া বারুদ |

ক. ঠিক তখনই শুরু হলো পাকিস্তানি সামরিক ——— আক্রমণ।

খ. রাজারবাগ পুলিশ লাইনে চলল ——— আক্রমণ।

গ. বাঙালি সৈনিকদের ওপর ওরা ——— পড়ল।

ঘ. হাজার হাজার ঘুমন্ত ——— বাঙালি মারা গেল।

ঙ. সৈন্যদের ——— এসে পড়ল বস্তির ঘরবাড়ির উপর ।

**৭** **নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:** ৫×৩=১৫

ক. পাকিস্তানি বাহিনী কত তারিখে, কখন আক্রমণ করেছিল?

খ. পাকিস্তানিরা কোথায় কোথায় আক্রমণ চালিয়েছিল?

গ. পাকিস্তানি বাহিনীর ধ্বংসলীলা সম্পর্কে পাঁচটি বাক্য লেখো।

**৮** **যুক্তবর্ণ বিভাজন করে শব্দ তৈরি করো এবং বাক্য প্রয়োগ দেখাও:**

স্ম, দ্দ, ষ্ঠ, ন্ট, ঞ্জ ২×৫ = ১০

**৯** **বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখো:** ১×৫ = ৫

সমুদ্রের কোল ঘেঁসে গড়ে উঠেছে এই বিশাল বন এখানে রয়েছে যেমন প্রচুর গাছপালা কেওড়া ও সুন্দরী গাছের বন তেমনি রয়েছে নানা প্রাণী জীবজন্তু

Teachingbd.com

**১০** **নিচের বাক্যগুলোর দাগ দেওয়া শব্দের/ক্রিয়াপদের চলিত রূপ লেখো:** ১×৫ = ৫

ক. ছেলেটি সেই ছবি দেখিতেছে।
খ. বাবা ছেলের জন্যে মোয়া কিনিয়াছে।
গ. সামু সবই আঁকিতে পারে।
ঘ. শূন্যস্থান খাতায় লিখিয়া পূরণ করো।
ঙ. বাতাস বহিয়া যায়।

**১১** **নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখো:** ১×৫ = ৫

মন্দ; বাবা; শত্রু; অবনতি; কান্না।

**১২** **পাঠ্যবইয়ের কবিতা/ছড়া (যেকোনো অংশ থেকে ৬-৮ লাইন) পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখো:** ১০

বর্গি এলো খাজনা নিতে,
মারল মানুষ কত।
পুড়ল শহর, পুড়ল শ্যামল
গ্রাম যে শত শত।

হানাদারের সঙ্গে জোরে
লড়ে মুক্তিসেনা,
তাদের কথা দেশের মানুষ
কখনো ভুলবে না।

ক. কবিতাংশটুকু তোমার পঠিত কোন কবিতার অংশ এবং উক্ত কবিতার কবির নাম কী? ২
খ. কবিতাংশের ভাবার্থ লেখো। ৫
গ. মুক্তিসেনাদের কথা দেশের মানুষ ভুলবে না কেন? ৩

**১৩** **মনে করো, তোমার বিদ্যালয়ে আয়োজিত একুশে ফেব্রুয়ারির অনুষ্ঠানে তুমি স্বেচ্ছাসেবকের দায়িত্ব পালন করতে চাও। এজন্য নিচের নিবন্ধন ফরমটি পূরণ করো।** ৫

http://teachingbd.com

## সেচ্ছাসেবক নিবন্ধন ফরম

ছবি

নাম:

লিঙ্গ:

শ্রেণি:

শাখা:

রোল নং:

যে শিফটে দায়িত্বপালনে ইচ্ছুক (টিক চিহ্ন দাও):

সকাল ☐ দুপুর ☐

৬:০০ টা ১২:০০ ১২:০০ - ৬:০০

__________________ __________________

আবেদনকারীর স্বাক্ষর সমন্বয়কারীর স্বাক্ষর

**১৪** মনে করো, তোমার নাম জলিল/জবা। তুমি পলাশকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র/ছাত্রী। তোমরা স্থানীয় শিক্ষা অফিস কর্তৃক আয়োজিত 'শিক্ষোপকরণ মেলা' দেখতে যেতে চাও। চতুর্থ পিরিয়ডের পর যাবার অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো। ৫

অথবা, মনে করো, তোমার নাম আরিফ/আরিফা। তোমার বন্ধুর নাম আবিদ/আবিদা। বড় হয়ে তুমি কী হতে চাও তা জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখো।

**১৫** প্রদত্ত সংকেত অনুসারে ২০০ শব্দের মধ্যে যে কোনো একটি বিষয়ে রচনা লেখো: ১০

ক. বীরপুরুষ শহিদ তিতুমীর [ভূমিকা; তিতুমীরের পরিচয়; তিতুমীরের শিক্ষা; তিতুমীরের সংগ্রামী আন্দোলন; ধর্ম সংস্কারমূলক আন্দোলন; সামাজিক ও রাজনৈতিক সংস্কারমূলক আন্দোলন; স্বাধীন রাষ্ট্র ঘোষণা; নারিকেলবাড়িয়ার 'বাঁশের কেল্লা'; নারিকেলবাড়িয়ার লড়াই; উপসংহার]

খ. বর্ষাকাল [সূচনা, বৈশিষ্ট্য, প্রকৃতি, উপকারিতা, অসুবিধা, উপসংহার]

গ. জাতীয় ফল কাঁঠাল [সূচনা, প্রাপ্তিস্থান, বর্ণনা, যখন ফলে, প্রকারভেদ, পুষ্টিগুণ, উপসংহার]

ঘ. জাতীয় দিবস [সূচনা, দিবসের বর্ণনা, ইতিহাস, কেন পালন করা হয়, উপসংহার]

Teachingbd.com

http://teachingbd.com

## মডেল প্রশ্নপত্র ৮ এর উত্তরমালা

**১** i. ক. জানার ইচ্ছা; ii. খ. দু ফাঁক করে; iii. খ. গ্রহ; iv. ক. অজানাকে জানতে; v. ঘ. মুঠোয় পুরে।

**২** ক. কবি আকাশে ফুঁড়ে, অর্থাৎ ভেদ করে উপরে উঠবেন।

খ. কবি জগতের সব অজানা রহস্যকে জানতে আকাশ-পাতালে যেতে চান।

গ. বিশ্ব-জগৎকে খুব কাছ থেকে দেখতে চায় বলে কবি বিশ্বজগৎকে হাতের মুঠোয় পুরতে চান।

**৩** ইশারা; মাটির তলদেশ; চিরে দুফাঁক করে; নিজ; দুনিয়া।

**৪** কবি মঙ্গল গ্রহের তথ্য জানতে চান। বিশ্বকে জানার জন্য তিনি যেমন আকাশ ফুঁড়ে উঠতে চান তেমনি পাতালপুরীর অজানা কাহিনি জানার জন্য তিনি পাতাল ফেড়ে নামতে চান। বিশ্বজগৎটাকে আপন হাতের মুঠোয় পুরে দেখতে চান।

**৫** i. খ. ২৫শে মার্চ; ii. খ. ঘুমিয়ে ছিল; iii. গ. সামরিক; iv. খ. কামান; v. খ. ঢাকা বিশ্ববিদ্যালয়।

**৬** ক. জান্তা; খ. আকস্মিক; গ. ঝাঁপিয়ে; ঘ. নিরস্ত্র; ঙ. গোলা।

**৭** ক. ১৯৭১ সালের ২৫শে মার্চ, বৃহস্পতিবার পাকিস্তানি বাহিনী আক্রমণ চালায়। তখন ছিল গভীর রাত। বাঙালিরা তখন ঘুমিয়ে পড়েছে। ঠিক তখনই হঠাৎ আক্রমণ।

খ. পাকিস্তানি সেনাবাহিনী দেশের বিভিন্ন জায়গায় আক্রমণ চালায়। এর মধ্যে রয়েছে ঢাকার পিলখানা, ইপিআর ঘাঁটি, রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা ও চট্টগ্রাম সামরিক ঘাঁটি প্রভৃতি স্থান। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাস ও আশেপাশের বস্তিতে আক্রমণ চালায় তারা।

গ. পাকিস্তানি বাহিনী এদেশের সামরিক ঘাঁটি ধ্বংস করে। এছাড়া ঘুমন্ত মানুষের উপর পাকিস্তানি বাহিনী ঝাঁপিয়ে পড়েছিল। তাদের ভারী ভারী অস্ত্রের গুলিতে হাজার হাজার ঘুমন্ত বাঙালি মারা গেল। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রাবাস ও আশপাশের বস্তিতে কামানের গোলা চালায় তারা। এতে দোকানপাট, বাড়িঘর, মানুষের সাজানো সংসার ধ্বংস হলো।

Teachingbd.com

http://teachingbd.com

**৮** ম্ম = ম + ম— বড়দের সম্মান করা উচিত।

দ্দ = দ + দ — মহৎ উদ্দেশ্য সফলতা আনে।

ষ্ঠ = ষ + ঠ — বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধাদের জন্য আমরা গর্বিত।

ণ্ট = ণ + ট — স্কুল ছুটির আগে ঘণ্টা বেজে উঠল।

ঞ্জ = ঞ + জ — মুক্তিযুদ্ধে বীরের রক্তে রঞ্জিত হয় বাংলার মাটি।

**৯** সমুদ্রের কোল ঘেঁসে গড়ে উঠেছে এই বিশাল বন। এখানে রয়েছে যেমন প্রচুর গাছপালা, কেওড়া ও সুন্দরী গাছের বন, তেমনি রয়েছে নানা প্রাণী, জীবজন্তু।

**১০** ক. ছেলেটি সেই ছবি দেখছে।

খ. বাবা ছেলের জন্যে মোয়া কিনেছে।

গ. সামু সবই আঁকতে পারে।

ঘ. শূন্যস্থান খাতায় লিখে পূরণ করো।

ঙ. বাতাস বয়ে যায়।

**১১** ভালো; মা; বন্ধু; উন্নতি; হাসি।

**১২** ক. কবিতাংশটুকু আমার পঠিত 'রৌদ্র লেখে জয়' কবিতার অংশ এবং কবিতাটির কবির নাম শামসুর রাহমান।

খ. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে জয়লাভের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীন হয়। সে সময় পাকিস্তানি বাহিনী এদেশের মানুষের উপর অমানবিক নির্যাতন করেছিল। মুক্তিসেনারা তাদের সাথে প্রাণপণ লড়ে এদেশকে স্বাধীন করে। তাই দেশের মানুষ তাঁদের অবদানকে চিরদিন মনে রাখবে।

গ. ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী সারাদেশে অত্যাচার ও নিপীড়ন চালাচ্ছিল। সে সময় মুক্তিসেনারা তাদের বুখে দাঁড়ায়। তাঁদের প্রাণপণ চেষ্টায় শত্রুমুক্ত হয় দেশ। তাই মুক্তিসেনাদের কথা দেশের মানুষ কখনো ভুলবে না।

Teachingbd.com